তারিখ 22 JAN 1991

পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

দৈনিক ইত্তেফাক

173

# সংস্থাপন মন্ত্রণালয়ে ছাত্রঐক্যের দাবীনামা পেশ

(ইত্তেফাক রিপোর্ট)

এরশাদ সরকারের সহযোগী দুর্নীতিবাজ ও ক্ষমতার অপব্যবহারকারী আমলাদের দায়িত্ব হইতে অপসারণের দাবীতে পূর্বঘোষিত কর্মসূচীর আওতায় সর্বদলীয় ছাত্র ঐক্য গতকাল (সোমবার) সচিবালয়ের সম্মুখে এক ছাত্র সমাবেশ

(১০ম পৃ: ১-এর ক: দ্র:)

## সংস্থাপন মন্ত্রণালয়

(১ম পৃ: পর)

শেষে সংস্থাপন মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশ করে। স্মারকলিপিতে বলা হয়, ছাত্র জনতার দাবীর মুখে ক্ষমতার অপব্যবহারকারী ও দুর্নীতিবাজ সামরিক-বেসামরিক আমলাদের কেউ কেউ অপসারিত হইলেও অদ্যাবধি অনেকেই বহাল রহিয়াছে। স্মারকলিপিতে রাষ্ট্রীয় সম্পদ লুন্ঠনকারী প্রশাসনে দুর্নীতি বিস্তারে এরশাদের সহযোগীদের কর্মকাণ্ড ও লুটপাটের শ্বেতপত্র প্রকাশ ও ক্ষমতার অপব্যবহারকারী আমলাদের বিরুদ্ধে কার্যকর তদন্ত কমিটি গঠনের দাবী করা হয়।

স্মারকলিপি পেশের পূর্বে সচিবালয়ের সম্মুখে সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ বলেন, দেশ আজ সঙ্কটময় পরিস্থিতি অতিক্রম করিতেছে। স্বৈরাচারী এরশাদ সরকার ক্ষমতা ছাড়িলেও তাঁহার দোসর মন্ত্রী, এম,পি, দালাল রাজনীতিবিদ অবাধে কর্মকাণ্ড পরিচালনা করিতেছে। এরশাদকে কারাগারে প্রেরণ না করিয়া বিলাসবহুল ভবনে রাখা হইয়াছে। সমাবেশে আগামী ৪৮ ঘন্টার মধ্যে এরশাদকে কারাগারে প্রেরণের দাবী করা হয়। ছাত্রনেতা ফয়জুল হাকিম, আখতার সোবহান মাসরুর, রেজাউল হক শিল্পী প্রমুখ সমাবেশে বক্তৃতা করেন।